“পুণ্য হলো উন্নত চরিত্র। আর পাপ হলো যা তোমার অন্তরে দ্বিধা-দ্বন্ধ সৃষ্টি করে এবং লোকে তা জানুক তা তুমি অপছন্দ করো”।

নাওওয়াস ইবনু সাম’আন আল আনসারী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে পুণ্য ও পাপ সম্পর্কে প্রশ্ন
করলাম। তখন তিনি জবাব দিলেন: “পুণ্য হলো উন্নত চরিত্র। আর পাপ হলো যা তোমার
অন্তরে দ্বিধা-দ্বন্ধ সৃষ্টি করে এবং লোকে তা জানুক তা তুমি অপছন্দ করো”।
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে পাপ ও পূন্য সম্পর্কে জিজ্ঞেস করা হয়েছিল, ফলে তিনি বললেন: পূণ্যের সবচেয়ে বড় কাজ হলো আল্লাহর সাথে তাকওয়া অবলম্বন করে এবং মানুষের সাথে কষ্ট সহ্য করে সদাচারণ করা, কম গোস্বা করা, চেহারা হাসি-খুশি রাখা, সুন্দর কথা বলা, সম্পর্ক অটুট রাখা, আনুগত্য করা, নরম আচরণ করা, ভালো কাজ করা এবং সুন্দর ব্যবহার ও সঙ্গ প্রদান করা। আর পাপ হলো এমন সন্দেহ যা আত্মায় উদ্বেলিত হয় এবং অন্তর তার জন্য পরিষ্কার না হয়ে দ্বিধাগ্রস্ত হয় এবং এটির কারণে হৃদয়ে সন্দেহ এবং তা পাপ হওয়ার ভয় জাগ্রত হয়, আর তা উল্লেখযোগ্য, সম্মানিত ও ভদ্র মানুষের নিকট খারাপ হওয়ার কারণে প্রকাশ করার ইচ্ছে হয় না, কারণ নফস স্বাভাবিকভাবে চায় মানুষ তার ভালোটি জানুক। কাজেই কিছু কর্ম যখন মানুষের জেনে যাওয়া পছন্দ করবে না তখন তাই পাপ হবে এবং সেখানে কোনো কল্যাণ নেই।

http://sunnah.global/hadeeth/bn/show/4308